

## “আশা”

( ১ )

তোমার দেখা পাই বা না পাই  
তাতে কি যায় আসে ?  
থাকো যদি তুমি আমার  
বাঁধা মনের পাশে !

( ২ )

মনটা আমার চায় যে তোমায়  
জেনেও কি জানোনা তায় ?  
লুটিয়ে পড়ে ও রান্ধা পায়,  
প্রাণ জুড়ানো আশে,  
তোমার মধুর গন্ধ যে মোর  
বহে আসে খাসে !

( ৩ )

দূরে থাকো তায় ক্ষতি নাই,  
চায় কেবা ঐ রূপের বালাই !  
বুঝতে দিয়ো—আছ তুমি  
আমার হৃদয়বাসে  
সরূপ তোমায় চাইনা, আছি  
অরূপ তোমার আশে ।

( ৪ )

তোমার মধুর মোহন সুখা  
দূর করেছে সকল ক্ষুধা  
যেন গোঁ মোর জীবন-বাঁধা  
তোমার সনেই নাশে,  
শুধু তোমার তরেই হিয়া যেন  
অঁখির জলে ভাসে ।

শ্রীমনীন্দ্রচন্দ্র চক্রবর্তী  
দ্বিতীয় বাষিক শ্রেণী  
বিজ্ঞান বিভাগ, 'ডি' শাখা ।

---